

এসো শ্যামল সুন্দর,
 আনো তব তাপহরা তৃষাহরা সঙ্গসুধা ।
 বিরহিণী চাহিয়া আছে আকাশে ॥
 সে যে ব্যথিত হৃদয় আছে বিছায়ে
 তমালকুঞ্জপথে সজল ছায়াতে,
 নয়নে জাগিছে করুণ রাগিণী ॥
 বকুলমুকুল রেখেছে গাঁথিয়া,
 বাজিছে অঙ্গনে মিলনবাঁশরি ।
 আনো সাথে তোমার মন্দিরা
 চঞ্চল নৃত্যের বাজিবে ছন্দে সে—
 বাজিবে কঙ্কণ, বাজিবে কিঙ্কিণী,
 ঝঙ্কারিবে মঞ্জীর রুণু রুণু ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Tritaal, Raag: Desh
 Visit www.geetabitan.com for notation and other detail